

❏ রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালাহীন)

হাদিস নম্বরঃ ৪৪০ [আন্তর্জাতিক নম্বরঃ ৪৩৫]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ৫১: আল্লাহর দয়ার আশা রাখার গুরুত্ব

بَابُ الرَّجَاءِ - (51)

আরবী

وَعَنْ أَنَسٍ، قَالَ: جَاءَ رَجُلٌ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، أَصَبْتُ حَدًّا، فَأَقِمُّهُ عَلَيَّ، وَحَضَرَتِ الصَّلَاةُ، فَصَلَّى مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَلَمَّا قَضَى الصَّلَاةَ، قَالَ: يَا رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، إِنِّي أَصَبْتُ حَدًّا فَأَقِمْ فِيَّ كِتَابَ اللَّهِ. قَالَ: «هَلْ حَضَرْتَ مَعَنَا الصَّلَاةَ؟» قَالَ: نَعَمْ. قَالَ: «قَدْ غُفِرَ لَكَ». مُتَّفَقٌ عَلَيْهِ

বাংলা

২৪/৪৪০। আনাস রাদিয়াল্লাহু 'আনহু বলেন, এক ব্যক্তি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে এসে বলল, 'হে আল্লাহর রাসূল! আমি দণ্ডনীয় অপরাধ করে ফেলেছি; তাই আমার উপর দণ্ড প্রয়োগ করুন।' ইতিমধ্যে নামাযের সময় হল। সেও আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে নামায পড়ল। নামায শেষ করে পুনরায় সে বলল, 'হে আল্লাহর রাসূল! নিশ্চয় আমি দণ্ডনীয় অপরাধ করে ফেলেছি; তাই আমার উপর আল্লাহর কিতাবে ঘোষিত দণ্ড প্রয়োগ করুন।' তিনি বললেন, "তুমি কি আমাদের সাথে নামায আদায় করেছ?" সে বলল, 'জী হ্যাঁ।' তিনি বললেন, "নিশ্চই তোমার অপরাধ ক্ষমা করে দেওয়া হয়েছে।" (বুখারী ও মুসলিম)[1]

* উক্ত হাদীসে 'দণ্ডনীয় অপরাধ' বলতে সেই অপরাধ উদ্দেশ্য নয়, যাতে শরীয়তে নির্ধারিত দণ্ড আছে; যেমন মদপান, ব্যভিচার প্রভৃতি। কেননা এমন দণ্ডনীয় অপরাধ নামায পড়লেই ক্ষমা হয়ে যাবে না। যেমন সে দণ্ড প্রয়োগ না করাও শাসকের জন্য বৈধ নয়।

English

(51) Chapter: Hope in Allah's Mercy

Anas bin Malik (May Allah be pleased with him) reported:

A man came to the Prophet (ﷺ) and said, "O Messenger of Allah, I have committed a sin liable of ordained punishment. So execute punishment on me". Messenger of Allah (ﷺ) did not ask him about it, and then came the (time for) Salat (prayers). So he performed Salat with Messenger of Allah (ﷺ). When Messenger of Allah (ﷺ) finished Salat, the man stood up and said: "O Messenger of Allah! I have committed a sin. So execute the Ordinance of Allah upon me". He (ﷺ) asked, "Have you performed Salat with us?" "Yes", he replied. Messenger of Allah (ﷺ) said, "Verily, Allah has forgiven you".

[Al-Bukhari and Muslim].

Commentary: The person who had committed the sin came to the Prophet (PBUH) to seek punishment for his wrongdoing is said to have been Abul-Yusr Ka`b bin `Amr whose story was also mentioned in the previous Hadith. The sin he had committed was not a major one that is why by Salat it was wiped out.

ফুটনোট

[1] সহীহুল বুখারী ৬৮২৩, মুসলিম ২৭৬৪

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=23404>

📖 হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন